# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

২০১৬ সালের নভেম্বর মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৬-২০১৭ মাড়াই মৌসুমে ১৫৪০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৬% চিনি আহরণ হারে ১১৬৩৫০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ২৬৪,৮০৪ | ৩২.১৫ | |
| আগস্ট,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৩৯৪,৮০৬ | ৩৫.৬১ | |
| সেপ্টেম্বর,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৩৬৯,৯০৫ | ৩৫.৬১ | |
| অক্টোবর,২০১৬ | ৮৫.০০ | - | ৩৩০,৩৪৭ | ১৪৬.৯০ | |
| নভেম্বর,২০১৬ | ৫,৪৯৫.০০ | ৪,৫৭৫.০০ | ৫৬৬,৬৯৩ | ৭৯.৭৩ | |
| ডিসেম্বর,২০১৬ | - | - | - | - | |
| জানুয়ারী,২০১৭ | - | - | - | - | |
| ফেব্রুয়ারী,২০১৭ | - | - | - | - | |
| মার্চ,২০১৭ | - | - | - | - | |
| এপ্রিল,২০১৭ | - | - | - | - | |
| মে,২০১৭ | - | - | - | - | |
| জুন,২০১৭ | - | - | - | - | |
| মোট ঃ | ৫৫৮০.০০ | ৪,৫৭৫.০০ | ১,৯২৬,৫৫৫ | ৩৩০.০০ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি:

নভেম্বর, ২০১৬ মাসে ৪ টি চিনিকলে ১০৯৮৬ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৪৯৫ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৫০%। এ সময় পর্যন্ত উৎপাদন ৫৫৮০ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৭২১১ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২৩% কম।

মোলাসেস: :

নভেম্বর, ২০১৬ মাসে ৪ টি চিনিকলে ৫৭৬৮.৪০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৫৭৫ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৭৯%। এ সময় পর্যন্ত উৎপাদন ৪৫৭৫ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪১৫০ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১০% বেশি।

স্পিরিট ও এলকোহল :

নভেম্বর, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৬৬৬৯৩ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১৩৬%। এ সময় পর্যন্ত উৎপাদন ১৯২৬৫৫৫ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১৬২৯২৯৬ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৮% বেশি।

আফরোজা ইসলাম

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

নভেম্বর, ২০১৬ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৯.৭৩ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৮৭% । এ সময় পর্যন্ত উৎপাদন ৩৩০.০০ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪৮১.৮০ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ৩২% কম ।

উৎপাদন ব্যয় :

নভেম্বর, ২০১৬ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ৪৯৪৬.৩৩ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৬৩৪৫.০২ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ১০৭১৬.৭২ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৯৮৩০.৬০ লক্ষ টাকার তুলনায় ৯% বেশি।

২। **বিক্রয় (পরিমাণ)** :

চিনি :

নভেম্বর, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৬৬০০.১৫ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ২২১৯৭.৫২ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ২৮৯৮৮.২১ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ২৩.৪৩% কম।

মোলাসেস :

নভেম্বর, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৪৮৪৩.৩৩ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৮৫৩.০৬ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮০% । এসময় পর্যন্ত বিক্রয় ১৫৯২৬.১৪ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ২০১৮৩.০৯মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ২১.০৯% কম ।

স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার :

নভেম্বর, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৭৫৮৯ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮৩% । এ সময় পর্যন্ত বিক্রয় ১৬২৯০১৬ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ১৫৯০১০৬ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ২.৪৫% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

নভেম্বর, ২০১৬ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১২৫.৩৭ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ১৩৭% । এ সময় পর্যন্ত বিক্রয় ৩৪৩.৮২ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৪৬৫.১৮ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ২৬.০৯% কম।

বিক্রয়(মূল্য) :

নভেম্বর, ২০১৬ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৬৬০০.১৫ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৬৮৬৩.৮৫ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৭২৬৭.৪৫ লক্ষ টাকার ৯১% । এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ২৪৫০৪.৮৩ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ২২৬৫৭.৬২ লক্ষ টাকার ৮% বেশি। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

Ahm
06/02/2017

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৬ | ৪৯০৯.৬০ | - | ১৪৭৬.১৭ | ২২৯,৭৩২ | ১৯.৩৬ |
| আগস্ট,২০১৬ | ৩২১৩.০৫ | - | ৩৬১৮.৭৭ | ৩৫৫,৮৮০ | ৩৫.৮৬ |
| সেপ্টেম্বর,২০১৬ | ৩৩৬১.৩০ | - | ৩২৯৬.৩৩ | ৩০৮,২৯৩ | ৩৭.৮৬ |
| অক্টোবর,২০১৬ | ৪১১৩.৪২ | - | ৩৬৮১.৮২ | ৩৮৭,৫২১ | ১২৫.৩৭ |
| নভেম্বর,২০১৬ | ৬৬০০.১৫ | - | ৩৮৫৩.০৬ | ৩৪৭,৫৮৯ | ১২৫.২৭ |
| ডিসেম্বর,২০১৬ | - | - | - | - | - |
| জানুয়ারী,২০১৭ | - | - | - | - | - |
| ফেব্রুয়ারী,২০১৭ | - | - | - | - | - |
| মার্চ,২০১৭ | - | - | - | - | - |
| এপ্রিল,২০১৭ | - | - | - | - | - |
| মে,২০১৭ | - | - | - | - | - |
| জুন,২০১৭ | - | - | - | - | - |
| মোট ঃ | **২২১৯৭.৫২** | - | **১৫৯২৬.১৪** | **১,৬২৯,০১৬** | **৩৪৩.৮২** |

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

নভেম্বর, ২০১৬ মাসের শেষে চিনিকলসমূহে ৫৬০৩০.৯৩ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ১২৭৭৮০.৯২ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ, মূল্য দাঁড়ায় ৪০৩৭২.৫১ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৫২৭৫৮.৬০ লক্ষ টাকার তুলনায় ২৩.৪৮% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

নভেম্বর, ২০১৬ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২৪৪৫.২১ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২২৯৯.৮১ লক্ষ টাকার তুলনায় ৬% বেশি। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে নভেম্বর, ২০১৬ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৮৫৬.২৪ লক্ষ টাকা (ভ্যাট ৮৩২.২৫ লক্ষ টাকা এবং অন্যান্য কর ২৩.৯৯ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৩১৪৫.৯৪ লক্ষ টাকা প্রদান করা হয়।

--------------

06/03/2017

আফরোজা ইসলাম